# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং : পনি/পিএ-১৪০ তারিখ : ০৭-০১-২০২৬ খ্রি.

## ২০২৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য বিজ্ঞপ্তি

মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমান পরীক্ষা ২০২১ এবং তৎপূর্ববর্তী বছরের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী ২০২৬ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে রেজিস্ট্রেশন করতে পারবে। তবে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা ২০২০ এবং তৎপূর্ববর্তী বছরের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী ২০২৬ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে রেজিস্ট্রেশন করতে পারবে। রেজিস্ট্রেশনের জন্য নিম্নবর্ণিত নিয়মাবলি অনুসরণ করতে হবে।

(১) রেজিস্ট্রেশন নবায়ন ব্যতীত প্রাইভেট পরীক্ষার্থীরা ২০২৬ সালের পাঠ্যসূচি অনুযায়ী এইচএসসি পরীক্ষা-২০২৬ এ অংশগ্রহণ করতে পারবে। বোর্ড কর্তৃক প্রণীত পরীক্ষা পরিচালনার নিয়মাবলি প্রাইভেট পরীক্ষার্থীদের বেলায়ও প্রযোজ্য হবে।

(২) প্রাইভেট পরীক্ষার্থীকে নির্ধারিত নিম্নলিখিত যে কোন একটি কলেজের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে । তবে শিক্ষক, পুলিশ ও প্রতিরক্ষা বাহিনীতে চাকুরীতি ব্যক্তি এবং শারীরিক কিংবা দৃষ্টি প্রতিবন্ধী প্রাইভেট পরীক্ষার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে না।

নির্বাচিত কলেজসমূহের নাম নিম্নে প্রদত্ত হলো :

| ক্র. নং | কলেজের নাম ও জেলার নাম | ক্র. নং | কলেজের নাম ও জেলার নাম |
|---|---|---|---|
| ০১ | সাতক্ষীরা সরকারি কলেজ, সাতক্ষীরা | ০৭ | ক্যান্টনমেন্ট কলেজ, যশোর<br>(প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত পরীক্ষার্থীদের জন্য) |
| ০২ | সরকারি প্রফুল্ল চন্দ্র কলেজ, বাগেরহাট | ০৮ | বি.এ.এফ. শাহীন কলেজ, যশোর<br>(বিমান বাহিনীতে কর্মরত পরীক্ষার্থীদের জন্য) |
| ০৩ | কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া | ০৯ | সরকারি কে. সি. কলেজ, ঝিনাইদহ |
| ০৪ | মেহেরপুর সরকারি কলেজ, মেহেরপুর | ১০ | সরকারি ভিক্টোরিয়া কলেজ, নড়াইল |
| ০৫ | চুয়াডাঙ্গা সরকারি কলেজ, চুয়াডাঙ্গা | ১১ | সরকারি এইচ. এস. এস. কলেজ, মাগুরা |
| ০৬ | সরকারি সিটি কলেজ, যশোর | ১২ | দৌলতপুর (দিবা-নৈশ) কলেজ, দৌলতপুর, খুলনা |

(৩) প্রাইভেট পরীক্ষার্থীগণ যে কলেজের মাধ্যমে নিবন্ধনকৃত বা রেজিস্ট্রেশন করবে সে কলেজের জন্য নির্ধারিত কেন্দ্রে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করবে। কোন অবস্থাতেই কেন্দ্র পরিবর্তন করা যাবে না।

(৪) **প্রাইভেট পরীক্ষার্থীগণ কেবল মানবিক, ব্যবসায় শিক্ষা ও ইসলামি শিক্ষা শাখায় পরীক্ষা দিতে পারবে। যে সমস্ত বিষয়ে ব্যবহারিক পরীক্ষা আছে (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যতীত) সে বিষয়/বিষয়সমূহ নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। প্রাইভেট পরীক্ষার্থীগণ চতুর্থ বিষয় গ্রহণ করতে পারবে না।**

(৫) বোর্ডের কোন কর্মচারী কর্মরত অবস্থায় নিজ বোর্ড থেকে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে ইচ্ছা করলে নিজ নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে বাংলাদেশের অন্য যে কোন বোর্ড থেকে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(৬) প্রাইভেট পরীক্ষার্থীদেরকে বোর্ড কর্তৃক নির্ধারিত কলেজের অধ্যক্ষের নিকট ১০-০১-২০২৬ থেকে ২০-০১-২০২৬ তারিখের মধ্যে প্রয়োজনীয় ফি এবং কাগজ পত্রসহ আবেদন করতে হবে।

(৭) প্রাইভেট পরীক্ষার্থীপ্রতি তালিকাভুক্তি ফি ১০০/- টাকা এবং ১১-০১-২০২৬ থেকে ৩০-০১-২০২৬ তারিখের মধ্যে অনলাইনে রেজিস্ট্রেশন করতে হবে। পূরণকৃত অনলাইন তালিকা এবং মাধ্যমিক পরীক্ষার মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করে ০৩-০২-২০২৬ তারিখের মধ্যে বোর্ডের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে। বিশেষভাবে উল্লেখ্য, মূল নম্বরপত্র তালিকার ক্রমানুসারে সাজিয়ে দিতে হবে।

(ক) মাধ্যমিক বা সমমানের পরীক্ষা পাসের সত্যায়িত মূল নম্বরপত্র দাখিল করতে হবে। যে সকল পরীক্ষার্থী ১৯৯৫ সালের পূর্বে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and Found Correct লেখা থাকতে হবে। কোনক্রমেই মাধ্যমিক পরীক্ষা বা সমমানের কোন সনদপত্র গ্রহণ করা হবে না।

অপর পাতায়-

**(খ)** যে সকল পরীক্ষার্থী কারিগরি শিক্ষা বোর্ড এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে এসএসসি সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক **Verified and Found Correct** লেখা থাকতে হবে।

**(গ)** যে সকল পরীক্ষার্থী ১৯৯৯ সালের পূর্বে মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক **Verified and Found Correct** লেখা থাকতে হবে।

**(ঘ)** যে সকল পরীক্ষার্থী ২০২১ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে এবং ২০১৭ বা তৎপূর্ববর্তী বৎসরে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ তাদেরকে মূল প্রবেশপত্র জমা দিতে হবে।

**(ঙ)** বাংলাদেশের আওতাধীন অনুমোদিত কোন কলেজের অধ্যক্ষ/অত্র বোর্ডের কোন সদস্য অথবা কোন সরকারি গেজেটেড অফিসারের নিকট হতে প্রার্থীর চরিত্র, আচরণ, প্রার্থিত পরীক্ষার অন্ততপক্ষে দুই বছর পূর্ব পর্যন্ত কোন অনুমোদিত কলেজে শিক্ষার্থী ছিল না এবং প্রার্থী কোন পরীক্ষায় বহিষ্কৃত হয়নি অথবা হয়ে থাকলেও এর মেয়াদ শেষ হয়ে গেছে এবং ২০২৬ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার জন্য অযোগ্য ঘোষিত হয়নি এ মর্মে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। ভুয়া তথ্য প্রদান করলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

**(চ)** প্রার্থীর সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবির সম্মুখভাগে নিজের নাম স্বাক্ষর করতে হবে এবং তা সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে আইকা আঠা দিয়ে আবেদন ফরমে আটকিয়ে দিতে হবে।

**(ছ)** শিক্ষক প্রার্থীদের বেলায় কোন অনুমোদিত বিদ্যালয়ে চাকুরীর মেয়াদ বিজ্ঞপ্তি জারির তারিখে অন্তত তিন বছর পূর্ণ হয়েছে এ মর্মে নিজ জেলা শিক্ষা অফিসারের সিল ও স্বাক্ষরযুক্ত সার্টিফিকেট জমা দিতে হবে।

**(জ)** পুলিশ ও প্রতিরক্ষা বাহিনীর প্রার্থীদের বেলায় বিজ্ঞপ্তি জারির তারিখে কমপক্ষে এক বছর যাবত সক্রিয়ভাবে চাকুরীতে আছে এ মর্মে পুলিশ সুপার/কমান্ডিং অফিসারের সমপর্যায়ের কর্মকর্তার সিল ও স্বাক্ষরযুক্ত সার্টিফিকেট দিতে হবে।

**(ঝ)** কোন শারীরিক প্রতিবন্ধী কিংবা দৃষ্টি প্রতিবন্ধী পরীক্ষার্থী শ্রুতিলেখক (স্ক্রাইব) সঙ্গে নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে চাইলে পরীক্ষা পরিচালনা নীতিমালা মোতাবেক ব্যবস্থা করতে হবে। এ ক্ষেত্রে দশম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীকে শ্রুতিলেখক (স্ক্রাইব) নিযুক্ত করতে হবে।

**(৮)** প্রাইভেট পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখা থেকে ১০-০২-২০২৬ তারিখে গ্রহণ করতে হবে এবং উক্ত শাখা থেকে একই সঙ্গে PROBLEMATIC PRINT OUT সংশোধনের নিমিত্তে গ্রহণ করতে হবে।

**(৯)** PROBLEMATIC PRINT OUT এ প্রয়োজনীয় সংশোধন করে ১৫-০২-২০২৬ তারিখে বোর্ডের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে এবং উক্ত শাখায় যোগাযোগ করে ফরম পূরণের পূর্বে সংশোধিত অবশিষ্ট রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ করতে হবে।

**(১০)** প্রাইভেট পরীক্ষার্থীদেরকে নির্বাচনী (Test) পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। আবশ্যিক বিষয় বাংলা, ইংরেজি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তিসহ অন্য যে কোন তিনটি নৈর্বাচনিক বিষয়ে পরীক্ষা দিতে হবে। প্রত্যেক বিষয়ের পূর্ণমান ১০০ এবং সময় ০৩ ঘন্টা।

**(১১)** প্রাইভেট পরীক্ষার্থীদেরকে পরীক্ষার পূর্বে বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে নির্ধারিত কলেজের মাধ্যমে রেজিস্ট্রেশন করতে হবে। উক্ত রেজিস্ট্রেশন শুধু ১ (এক) বছরের জন্য বলবৎ থাকবে।

**(১২)** প্রাইভেট পরীক্ষার্থীদের গ্রহীত বিষয়সমূহ পাঠ্যসূচিতে উল্লিখিত গুচ্ছ মোতাবেক হতে হবে। গুচ্ছ বহির্ভূত বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করলে পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

**(১৩)** প্রাইভেট পরীক্ষার্থীদেরকে ২০২৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার বিজ্ঞপ্তি মোতাবেক সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের নিকট পরীক্ষার ফি জমা দিতে হবে।

**(১৪)** নির্বাচিত প্রাইভেট পরীক্ষার্থীগণ বোর্ডের পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলি মেনে চলতে বাধ্য থাকবে। কোন কারণ না দেখিয়ে কোন পরীক্ষার্থীর আবেদন ফরম বাতিল করার ক্ষমতা বোর্ড সংরক্ষণ করে।

০৭-০১-২০২৬
(প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন : ০২৪৭৭৬২৭১৪